



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প পরিচালকের কার্যালয়  
বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন প্রকল্প  
জাতীয় স্কাউট ভবন (১৩ তম তলা)  
৬০ আনজুমানে মফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা-১০০০  
www.jamuka.gov.bd



স্মারক নং- ৪৮.০২.০০০০.০১৪.১১.০০১.২২.১০৬২

তারিখ: ০৭ কার্তিক ১৪২৯  
২৩ অক্টোবর ২০২২


**আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা ক্রয় (জনবল নিয়োগ) বিজ্ঞপ্তি**

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক বাস্তবায়নাধীন “বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন” বিষয়ক প্রকল্পে সৃষ্ট নিম্নোক্ত পদসমূহে “আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮” মোতাবেক শুধুমাত্র প্রকল্প চলাকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগ করা হবে:

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	শ্রেণি-গ্রেড	শিক্ষাগত যোগ্যতা	বেতন স্কেল/সাকুল্য বেতন (মাসিক)
১.	কম্পিউটার মুদ্রাক্ষরিক কাম-অফিস সহকারী	০১	ক্যাটাগরী-১	ক. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণির স্নাতক/সমমানের ডিগ্রিধারী। খ. কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত। গ. মুদ্রাক্ষরে ইউনিকোডে প্রতি মিনিটে বাংলা ২৫টি শব্দ ও ইংরাজীতে ৩০টি শব্দের গতি এবং কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে।	১৯,১১০/- (সর্বসাকুল্য)
২.	অফিস সহায়ক	০১	ক্যাটাগরী-৫	এসএসসি/ সমমানের পাশ।	১৭,৬১০/- (সর্বসাকুল্য)

**আবেদনের শর্তাবলী**

- (১) নিয়োগপ্রাপ্ত জনবলের অনুকূলে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাজেট-১১ শাখার স্মারক নং ০৭.১১১.০৩১.০১.০০.০০৫.২০১০.৫০০, তারিখ: ১৮/১২/২০১৯ খ্রিঃ মোতাবেক সরকার কর্তৃক নির্ধারিত টাকা পরিশোধ করা হবে।
- (২) পিপিআর-২০০৮, পিপিএ-২০০৬ অনুযায়ী জনবল নির্বাচন করা হবে।
- (৩) আবেদন আগামী ০৮/১১/২০২২ খ্রি. তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে সরাসরি/ডাকযোগে প্রকল্প পরিচালকের কার্যালয়, বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন প্রকল্প, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, জাতীয় স্কাউট ভবন (১৩ তম তলা, কক্ষ নং-১৩০৭), ৬০ আনজুমানে মফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকায় পৌঁছাতে হবে।
- (৪) আবেদনকারীকে শারীরিক সক্ষমতা সম্পন্ন হতে হবে এবং আবেদন দাখিলের শেষ তারিখে ন্যূনতম বয়স ১৮ (আঠার) এবং সর্বোচ্চ বয়স ৪৫ (পঁয়তাল্লিশ) এর মধ্যে হতে হবে।
- (৫) আবেদনপত্রের সাথে স্বহস্তে লিখিত/টাইপকৃত জীবনবৃত্তান্ত (মোবাইল নম্বর ও ইমেইল উল্লেখসহ), সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ, সদ্যতোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রশ্মি ছবি ও অভিজ্ঞতার (যদি থাকে) প্রমানকের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- (৬) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।
- (৭) প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ে যাদের আবেদন বিবেচিত হবে কেবলমাত্র তাদেরকে পরীক্ষার জন্য ডাকা হবে। পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে মোবাইল নম্বর এবং ই-মেইলে জানানো হবে।
- (৮) যেহেতু আউটসোর্সিং পদ্ধতিতে সম্পূর্ণ অস্থায়ী নিয়োগ সেহেতু নিয়োগপ্রাপ্ত/চুক্তিবদ্ধ ব্যক্তির চাকুরী রাজস্ব খাতে স্থানান্তরের কোন সম্ভাবনা নেই।
- (৯) মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার সময় সকল সনদপত্র এবং আবেদনপত্রের সাথে সংযুক্ত কাগজপত্রের মূল কপি দাখিল করতে হবে।
- (১০) নিয়োগের ক্ষেত্রে নিয়োগ সংক্রান্ত সকল সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে।
- (১১) লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- (১২) বিজ্ঞপ্তিতে প্রকাশিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি বা বাতিল এমনকি কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার সম্পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষের সংরক্ষণ করেন।
- (১৩) নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
২৩.১০.২০২২

ড. মোঃ নুরুল আমিন (উপসচিব)

প্রকল্প পরিচালক

বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন প্রকল্প  
জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল  
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়